ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*******

স- ১৮১৮

আগরতলা, ১৯ জুলাই ২০২৫

**উজ্জয়ন্ত প্রাসাদে কের পূজা পরিদর্শনে মুখ্যমন্ত্রী**

রাজ্যবাসীর কল্যাণে, অশুভ শক্তির হাত থেকে রাজ্যবাসীকে রক্ষা করতে প্রাচীণকাল থেকেই কের পূজার আয়োজন করা হচ্ছে। রাজা ত্রিলোচনের সময় থেকে কের পূজার প্রচলন হয়েছে। বর্তমানে কের পূজা রাজবাড়ির পাশাপাশি রাজ্যের জনজাতি অধ্যুষিত গ্রামেগঞ্জেও নিষ্ঠার সঙ্গে আয়োজন করা হচ্ছে। আজ সকালে উজ্জয়ন্ত প্রাসাদে আয়োজিত ঐতিহ্যবাহী কের পূজা পরিদর্শনে এসে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সাংবাদিকদের একথা বলেন। উজ্জয়ন্ত প্রাসাদে আয়োজিত কের পূজায় কের-এর গন্ডির বাইরে থেকে মুখ্যমন্ত্রী পুরোহিতদের সঙ্গে কথা বলেন এবং আশীর্বাদ গ্রহণ করেন।

সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান, খার্চি পূজার চৌদ্দদিন পর কের পূজা অনুষ্ঠিত হয়। বর্তমানে উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে এই পূজার আয়োজন করা হয়। রাজ্যের জাতি-জনজাতি অংশের মানুষের মঙ্গলকামনা করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কের পূজা উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানান। মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, সাংসদ রাজীব ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. বিশাল কুমার, সমাজসেবী বিপিন দেববর্মা

*******